গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
রোহিঙ্গা শিশু সুরক্ষা কার্যক্রম
সোনারপাড়া, উখিয়া, কক্সবাজার

নম্বর- ৪১.০১.০০০০.০০৮.১৩.০০৩.২০-৪৫ তারিখ: ০১ আষাঢ় ১৪২৮/১৫ জুন ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর এর মাধ্যমে ইউনিসেফ বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত রোহিঙ্গা শিশু সুরক্ষা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ইউনিসেফ বাংলাদেশের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে বর্ণিত সময়ের (৩১ ডিসেম্বর ২০২১ অথবা সমঝোতা স্মারকে সময় বর্ধিত হলে উক্ত সময়ের) জন্য নিম্নোক্ত শর্তসমূহের আলোকে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও সাকুল্য বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও অগ্রাধীকার |
|---|---|---|
| ১) সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার (চাইল্ড প্রোটেকশন) (৯০,০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম, সমাজবিজ্ঞান, নৃতত্ত্ব বা সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অন্যান্য বিষয়ে বা আন্তর্জাতিক সম্পর্ক, আইন বিষয়ে মাস্টার্স ডিগ্রী; (খ) শিশু সুরক্ষা, শিশু অধিকার সুরক্ষা বা সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নে ৮ (আট) বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে কমপক্ষে ৪ (চার) বছর উচ্চতর পদে কাজ করার অভিজ্ঞতা অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৫৫ বছর হতে হবে। |
| ২) কেস ম্যানেজমেন্ট এক্সপার্ট (৭০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণ, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অন্যান্য বিষয় বা আন্তর্জাতিক সম্পর্ক, আইন বিষয়ে মাস্টার্স ডিগ্রী; (খ) শিশু অধিকার সুরক্ষা কার্যক্রমসহ কেস ম্যানেজমেন্ট বাস্তবায়নে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৫০ বছর হতে হবে। |
| ৩) ক্যাশ এসিসটেন্স এক্সপার্ট (৭০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণ, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, অর্থনীতি, নৃ-বিজ্ঞান সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অন্যান্য বিষয় মাস্টার্স ডিগ্রী; (খ) সামাজিক নিরাপত্তা, নগদ অর্থ সহায়তা, শিশু সুরক্ষা কার্যক্রম বাস্তবায়নে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৫০ বছর হতে হবে। |
| ৪) ম্যানেজার (মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন) (৭০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণ, সমাজকর্ম, সমাজ বিজ্ঞান, অর্থনীতি, নৃ-বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অন্যান্য বিষয় বা সাংবাদিকতা বিষয়ে মাস্টার্স ডিগ্রী; (খ) কার্যক্রম, কর্মসূচি বা প্রকল্পের পরীবিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম বাস্তবায়নে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৫০ বছর হতে হবে। |
| ৫) ফাইনেন্স এন্ড এডমিন ম্যানেজার (৭০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসন অনুষদ, জন প্রশাসন ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিষয়ে মাস্টার্স ডিগ্রী; (খ) কার্যক্রম, কর্মসূচি বা প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা ও প্রশাসনিক ব্যবস্থাপনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৫০ বছর হতে হবে। |

| পদের নাম ও সাকুল্য বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও অগ্রাধীকার |
|---|---|---|
| ৬) ট্রেইনিং অফিসার (৫০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণ, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, অর্থনীতি, নৃ-বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অন্যান্য বিষয়ে স্নাতক; (খ) শিশু সুরক্ষা, শিশু অধিকারভিত্তিক কর্মসূচি, ফলাফলভিত্তিক (Result based Management), অফিস ব্যবস্থাপনা, কার্যক্রম ব্যবস্থাপনা, মনিটরিং, ইভাল্যুয়েশন, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ, রিপোর্ট রাইটিং প্রশিক্ষণে প্রদান, প্রশিক্ষণ ম্যানুয়েল প্রস্তুত ইত্যাদি কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৪০ বছর হতে হবে। |
| ৭) মনিটরিং এন্ড ডকুমেন্টেশন অফিসার (৫০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসন, ফাইনেন্স, অ্যাকাউন্টিং, আন্তর্জাতিক সম্পর্ক, সমাজবিজ্ঞান, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিষয় বা জন প্রশাসন বা সাংবাদিকতা বিষয়ে স্নাতক ডিগ্রী; (খ) কার্যক্রম, কর্মসূচি বা প্রকল্পের পরীবিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম বাস্তবায়নে ৩ (তিন) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) প্রার্থীর যোগ্য বয়স ৩০ জুন ২০২১ এ ৪০ বছর বা তার নিম্নে; (ঘ) Documentary, Video Editing, Report Writing, Digital Presentation ও MIS বিষয়ে দক্ষগণ অগ্রাধিকার পাবেন। |
| ৮) এমআইএস এন্ড আইটি অফিসার (৫০০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সাইন্স, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, সাংবাদিকতা, ব্যবসায় প্রশাসন বা সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিষয়ে স্নাতক ডিগ্রী; (খ) কার্যক্রম, কর্মসূচি বা প্রকল্পের পরীবিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম বাস্তবায়নে ৩ (তিন) বছরের অভিজ্ঞদের অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৪০ বছর হতে হবে; (ঘ) Documentary, Video Editing, Report Writing, Digital Presentation, MIS ও GIS বিষয়ে দক্ষ ও আইটি বিষয়ক ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পাবেন। |
| ৯) এডমিন অফিসার (৪৫০০০ টাকা) | ১ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসন, ফাইনেন্স, অ্যাকাউন্টিং, আন্তর্জাতিক সম্পর্ক, সমাজ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিষয় বা জন প্রশাসনে স্নাতক ডিগ্রী; (খ) প্রশাসনিক ব্যবস্থাপনায় ৩ (তিন) বছরের পেশাদার অভিজ্ঞতা, তন্মধ্যে কমপক্ষে ১ (এক) বছর সমজাতীয় পদে কাজ করার অভিজ্ঞতা অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৪০ বছর হতে হবে।; (ঘ) MIS ও GIS বিষয়ে দক্ষগণ অগ্রাধিকার পাবেন। |
| ১০) একাউন্ট এসিসট্যান্ট (৪০০০০ টাকা) | ১ | (ক) বাণিজ্য বা হিসাব বিভাগে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; (খ) হিসাব সহকারী বা অ্যাকাউন্টিং ক্লার্ক হিসাবে কাজের ২ বছরের অভিজ্ঞতা, বেসিক বুককিপিং পদ্ধতি সম্পর্কে এবং সরকারি ও আন্তর্জাতিক সংস্থাসমূহের আর্থিক বিধি-বিধান সম্পর্কীত জ্ঞান অগ্রাধীকার প্রদান করা হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৩৫ বছর হতে হবে। |
| ১১) ডাটা এন্ট্রি অপারেটর (৩৫০০০ টাকা) | ১ | (ক) দ্বিতীয় শ্রেণির আইটি বা তথ্য প্রযুক্তি ডিপ্লোমা বা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) ২ (দুই) বছরের সমজাতীয় কাজে অভিজ্ঞতা অগ্রাধীকার প্রদান করা হবে; (খ) ডাটাবেইজ সফটওয়ার, অফিস ম্যানেজমেন্ট সফটওয়ার, ইংরেজী ও বাংলা (ইউনিকোড) টাইপে দক্ষ, এমএস অফিস, ইন্টারনেট, ডাটাবেইজ ব্যবহার ও ডাটা এন্ট্রিতে পারদর্শী হতে হবে; (গ) ৩০ জুন ২০২১ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৩২ বছর হতে হবে। |

**<u>আবেদনের পদ্ধতি ও শর্তাবলী:</u>**

(১) এ নিয়োগ ইউনিসেফ বাংলাদেশের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে বর্ণিত সময়ের (৩১ ডিসেম্বর ২০২১ অথবা সমঝোতা স্মারকে সময় বর্ধিত হলে উক্ত সময়ের) জন্য প্রযোজ্য হবে, নিয়োগকৃতগণ বর্ণিত সময়ের পরে সরাসরি অব্যাহতিপ্রাপ্ত হবেন;

(২) সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইট dss.gov.bd-এর 'নিয়োগ' প্রদত্ত নির্ধারিত গুগল ফর্মে আবেদন করতে হবে এবং আবেদনের সথে (ক) প্রার্থীর CV (Curriculum Vitae), (খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (গ) জাতীয় পরিচয়পত্রের কপি (ঘ) সর্বশেষ শিক্ষা সনদ ও (ঙ) অভিজ্ঞতার সনদ সংযুক্ত করতে হবে;

(৩) আগ্রহী প্রার্থীগণ আগামী ১ জুলাই, ২০২১ বিকাল ৫.০০ টা'র মধ্যে যেকোন একটি পদে বা প্রযোজ্য যোগ্যতা থাকলে একাধিক পদে আবেদন দাখিল করতে পারবেন।

(৪) প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা, অগ্রাধিকার, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত তথ্য ও আবেদন পদ্ধতি সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট dss.gov.bd-এর 'নিয়োগ' মেনু থেকে ডাউনলোড করা যাবে।

(৫) আবেদনকারীকে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত অনুলিপি জমা দিতে হবে- (ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (প্রযোজ্যক্ষেত্রে) সনদের সত্যায়িত অনুলিপি; (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(৬) ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

(৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে পরীক্ষা/যাচাই-বাছাই পদ্ধতি নিয়োগ কমিটি নির্ধারণ করবেন এবং নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

(৮) শুধু প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে (যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে);

(৯) আবেদনের পর প্রাথমিক বাছাই শেষে যোগ্য প্রার্থীদের পরীক্ষার স্থান ও সময়সূচি আবেদকারীর ই-মেইল ও মোবাইলে প্রেরণ করা হবে;

(১০) আবেদনকারীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

(১১) নিয়োগকৃতদের বিরুদ্ধে নৈতিকতা বিরোধী বা অসদাচরণের কোনো অভিযোগ প্রমাণীত হলে সরাসরি বরাখাস্ত করার অধিকার কর্মসূচি'র ফোকাল পয়েন্ট সংরক্ষণ করেন;

(১২) নিয়োগ বিজ্ঞপ্তিতে কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোনো শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(১৩) কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(১৪) কর্তৃপক্ষ নিয়োগ বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০৬/২০২১

(মোঃ সাজ্জাদুল ইসলাম)
অতিরিক্ত পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ও
ফোকাল পয়েন্ট, রোহিঙ্গা শিশু সুরক্ষা কার্যক্রম
ফোন নম্বর: +৮৮০ ২ ৪৪৮২২১৫৩
ইমেইল: sazzadislam@dss.gov.bd